বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
১৬/২, গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ।

তারবার্তা : চাষী ব্যাংক
দূরালাপনী : ০৯১-৫১৯৭৫

বিনিকা(ময়মন)/প্রশা-০১(০৪)/২০২১-২০২২/৯৪৮০ তারিখ: ৩০/০৩/২০২২ খ্রিঃ

শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক সভার(জানুয়ারী-২০২২ থেকে মার্চ-২০২২ পর্যন্ত) কার্যবিবরণী

গত ৩০/০৩/২০২২ তারিখে শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক সভা(জানুয়ারী-২০২২ থেকে মার্চ-২০২২ পর্যন্ত) বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ এর বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক সভার সভাপতি বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা জনাব মোঃ গোলাম মোস্তফা মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

অত্র কার্যালয়ের মুখ্য কর্মকর্তা এবং কমিটির সদস্য সচিব জনাব মোঃ কাজিম উদ্দিন সভা পরিচালনার দায়িত্ব পালন করেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরে তার স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে তিনি সঠিক সেবা দান, স্বচ্ছতা, জবাবদিহি শক্তিশালী করণ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কর্মকান্ডের উপর জোর দেন।

সভায় নিম্নলিখিত বিষয় সমূহ নিয়ে আলোচনা এবং এর সমাধান সম্পর্কিত বিষয়াদি নিয়ে বিস্তারিত বক্তব্য প্রদান করা হয়।

০১. বিগত ২য় প্রান্তিকের শুদ্ধাচার কমিটির সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের পর্যালোচনা করা হয়।
০২. সকল মুখ্য অঞ্চলে ক্রাশ প্রোগ্রাম অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক গণ ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা গণ কে চিঠির মাধ্যমে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩. সকল অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদনের প্রাথমিক জবাব সংগ্রহ এবং জারীপত্র ইস্যু করা।
০৪. শতভাগ শাখা নিরীক্ষাকরণ বিষয়ে আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে দিকনির্দেশনা প্রদান ও চিঠি প্রেরণ।
০৫. সকল অনিষ্পন্ন অনুচ্ছেদ সমূহের পরিপালন জবাব নিষ্পত্তি প্রসঙ্গে আলোচনা।
০৬. বানিজ্যিক নিরীক্ষার উত্থাপিত সকল অনিষ্পন্ন সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব সংগ্রহ সম্পর্কিত আলোচনা ও বিবিধ বিষয় নিয়ে আলোচনা করা হয়।
০৭. অত্র বিভাগাধীন কার্যালয় সমূহের পেনশন গমনকারী ও ইস্তফা প্রদানকারী কর্মকর্তাদের পেনশন ছাড়পত্র ও দায়-দেনার হালনাগাদ তথ্যাদি দ্রুত সময়ের মধ্যে উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় উপস্থিত সদস্যগণের নামঃ-

| ক্র:নং | নাম | পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ গোলাম মোস্তফা | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা | সভাপতি | |
| ০২. | জনাব মোঃ ফারুক সরকার | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | |
| ০৩. | জনাব মোঃ হাফিজুল ইসলাম | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | |
| ০৪. | জনাব মো: কাজিম উদ্দিন | মুখ্য কর্মকর্তা | সদস্য সচিব | |
| ০৫. | জনাব জীবুন নাহার | উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য | |
| ০৫. | জনাব তাসলিমা বেগম | কর্মকর্তা | সদস্য | |
| ০৬. | জনাব আবু হানিফ | পরিদর্শক | সদস্য | |

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গোলাম মোস্তফা)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
ও শুদ্ধাচার কমিটির সভাপতি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-
০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।